# চাঁদা আদায়ে বাধা, ঢাকা কলেজ ছাত্রদলের ওপর নিউমার্কেট যুবদলের হামলা



ছবি: সংগৃহীত

রাজধানীর নিউমার্কেট এলাকায় চাঁদা তোলায় বাধা দেওয়াকে কেন্দ্র করে ঢাকা কলেজ ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে স্থানীয় যুবদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এতে ছাত্রদলের ১০ থেকে ১৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে। মঙ্গলবার (১১ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে মিরপুর রোডের বলাকা সিনেমা হলের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, নিউমার্কেট থানা যুবদলের সদস্য সচিব কেএম চঞ্চলের অনুসারী হিসেবে পরিচিত সোহেল ও আজিম ওরফে 'গুন্ডা আজিম' ফুটপাতের দোকান ও ভ্যানগাড়ি থেকে চাঁদা তুলছিলেন। বিষয়টি জানতে পেরে ঢাকা কলেজ ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী সেখানে গিয়ে তাদের বাধা দেন।

পরে কেএম চঞ্চলের নেতৃত্বে ৫০ থেকে ৬০ জনের একটি দল লাঠিসোঁটা, রামদা ও দেশীয় অস্ত্র নিয়ে তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। এতে ঢাকা কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক প্রিন্স খন্দকার, মো. সুমন সিকদার, শাকিব আল হাসান ও মুশফিকুর রহমানসহ কয়েকজন আহত হন। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও পপুলার হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

আহত ছাত্রদল নেতা সুমন সিকদার বলেন, তারা ক্যাম্পাস থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিকে যাওয়ার সময় কয়েকজনকে দোকানদারদের কাছ থেকে চাঁদা নিতে দেখেন। প্রতিবাদ করলে প্রথমে তাদের সঙ্গে গালাগালি ও বাকবিতণ্ডা হয়। কিছুক্ষণ পর চঞ্চলের নেতৃত্বে লোকজন দেশীয় অস্ত্র নিয়ে এসে তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ করেন তিনি।

এদিকে হামলার খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। পরে চাঁদাবাজি ও সন্ত্রাসের প্রতিবাদে ঢাকা কলেজের শিক্ষার্থীরা ক্যাম্পাসের সামনের সড়কে বিক্ষোভ মিছিল করেন। নিউমার্কেট থানার ওসি মোহাম্মদ আইয়ুব হোসেন বলেন, মারামারির ঘটনা সম্পর্কে তারা জানতে পেরেছেন। তবে আহতের সংখ্যা এখনো নিশ্চিত নয়। থানায় লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।